

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৭৭-আইন/২০২২।—Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর section 14 তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৬ এর উপ-বিধি (৮) এর—

(ক) দফা (ক) তে উল্লিখিত “১০,০০০/- (দশ হাজার)” সংখ্যা, কমা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “২০,০০০ (বিশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর—

(অ) অনুচ্ছেদ (অ) তে উল্লিখিত “২০০০/- (দুই হাজার)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৯৭৮৯)

মূল্য : টাকা ৪.০০

(আ) অনুচ্ছেদ (আ) তে উল্লিখিত “৭০০/- (সাতশত)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১,৪০০ (এক হাজার চারশত)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) অনুচ্ছেদ (ই) তে উল্লিখিত “৫০০/- (পাঁচশত)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১,০০০ (এক হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৭ এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (ক) তে উল্লিখিত “৫০০০/- (পাঁচ হাজার)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) তে উল্লিখিত “১০০০/- (এক হাজার)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (গ) তে উল্লিখিত “৫০০/- (পাঁচশত)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১,০০০ (এক হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) দফা (ঘ) তে উল্লিখিত “১০০/- (একশত)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দের পরিবর্তে “২০০ (দুইশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ২১ এর—

(ক) উপ-বিধি (১) এ—

(অ) দুইবার উল্লিখিত “৪ (চার)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৫ (পাঁচ)” সংখ্যা, বন্ধনী ও শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উল্লিখিত “১২.৫০ (বার টাকা পঞ্চাশ পয়সা)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “১৪ (চৌদ্দ)” সংখ্যা, বন্ধনী ও শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “৫০০ (পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১,০০০ (এক হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-বিধি (৭) এর—

(অ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) সিটি কর্পোরেশনের প্রত্যেক ওয়ার্ডের বিপরীতে ১৬,০০০ (ষোল হাজার) টাকা;”;

(আ) দফা (খ) তে উল্লিখিত “দুই হাজার” শব্দগুলির পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ই) দফা (গ) তে উল্লিখিত “এক হাজার” শব্দগুলির পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহু মোঃ সালাহুউদ্দিন খাঁ

উপসচিব (রেজিস্ট্রেশন)।